ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭৪৭
শান্তিরবাজার, ৫ সেপ্টেম্বর, ২০২৫

**শান্তিরবাজারে শিক্ষক দিবস উদযাপিত**

বকাফা ব্লকভিত্তিক ও শান্তিরবাজার পুর পরিষদ ভিত্তিক ৬৪ তম শিক্ষক দিবস আজ যথাযোগ্য মর্যাদায় স্থানীয় মুকুট অডিটোরিয়ামে উদযাপন করা হয়। ড. সর্বপল্লী রাধাকৃষ্ণানের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করেন বিধায়ক প্রমোদ রিয়াং, শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, ভাইস চেয়ারপার্সন সত্যব্রত সাহা, বকাফা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান কৃষ্ণান রিয়াং, রামঠাকুর কলেজের অধ্যাপক ড. শ্যামসুন্দর সরকার, দক্ষিণ ত্রিপুরা জেলা শিক্ষা আধিকারিক দিলীপ কুমার দেববর্মা, বিশিষ্ট সমাজসেবী দেবাশিস ভৌমিক, শান্তিরবাজার পুর পরিষদের শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির চেয়ারমান রাজীব চক্রবর্তী প্রমুখ। অতিথিগণ শিক্ষক দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন। বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শান্তিরবাজার মহকুমার বিদ্যালয় পরিদর্শক প্রণব সরকার।

*****